বাংলা · BENGALI

# নিউ ইয়র্ক স্টেট কমিউনিটি টুলকিট

অভিবাসী নিউ ইয়র্কের অধিবাসীদের একটি রিসোর্স গাইড
জুলাই 2026




New York Immigration Coalition
nyic.org

নিউ ইয়র্ক ইমিগ্রেশন কোয়ালিশন এই টুলকিটটি আমাদের সমাজের সদস্য, অংশীদার ও সহযোগীদের জন্য একটি সম্পদ হিসেবে তৈরী করেছে।আইন এবং নীতির পরিবর্তনের সাথে এটি নিয়মিত ভাবে সংশোধন করা হয়ে থাকে।

সর্বশেষ সংশোধিত নীতিমালা: 7.31.2026

## সূচীপত্র


- সমাজের প্রতি সতর্কবার্তা **3**
- নিজের অধিকার জানুন **6**
- স্বাস্থ্য **10**
- স্কুল ও শিক্ষা **13**
- কমিউনিটির সুরক্ষা **16**
- NYS পরিসম্পদ সমূহ **17**

# সমাজের প্রতি সতর্কবার্তা

## দ্রুত অপসারণ

অভিবাসীদের দ্রুত অপসারণের জন্য **“**এক্সপেডিটেড রিমুভাল**”** কে ট্রাম্প সম্প্রসারিত করেছেন।

- একটি যুক্তরাষ্ট্রীয় আদালত ট্রাম্প প্রশাসনকে “এক্সপেডিটেড রিমুভাল” সম্প্রসারিত করার অনুমতি দিয়েছে, যার ফলে কোনও অভিবাসন বিচারকের সামনে হাজির না করেই অভিবাসীদের দেশ থেকে বের করে দেওয়া যাবে।
- U.S. এর যেকোনো জায়গায় থাকা কাগজবিহীন অভিবাসী, যারা প্রমাণ করতে পারবেন না যে তারা 2 বছর ধরে সশরীরে এই দেশে বাস করছেন, তাদের যত দ্রুত সম্ভব এই দেশ থেকে বিতাড়িত করা হবে।

### কাদের বিপদ সবথেকে বেশি**?**

- আপনি যদি 2 বছরেরও কম সময় আগে U.S.-তে এসে থাকেন এবং বর্তমানে DHS এর হাতে আটক হয়ে থাকেন, তাহলে আপনাকে সত্ত্বর এই দেশ থেকে বের করে দেওয়ার আশঙ্কা রয়েছে। এই প্রক্রিয়াকে এক্সপেডিটেড রিমুভাল বলা হয়।
- আপনার বিপদের আশঙ্কা রয়েছে, যদি:
  - আপনি 2 বছরের কম সময় আগে U.S.-তে এসে উপস্থিত হন এবং
  - আপনি পরিদর্শন না করিয়েই (প্রবেশপথ ছাড়া সীমান্তের অন্য অংশ দিয়ে), CHNV এর মত প্যারোল প্রোগ্রামের মাধ্যমে অথবা CBP One অ্যাপ ব্যবহার করে U.S.-তে প্রবেশ করে থাকেন।

### আমি কীভাবে নিজেকে বাঁচাব**?**

- আপনি যদি 2 বছরের বেশি সময় ধরে U.S.-তে থাকেন, তাহলে এই সময়ে সশরীরে উপস্থিত থাকার প্রমাণ নিজের সাথে রাখুন, যেমন সেই সময়কালের লীজ বা কোনও পরিষেবার বিল।
- বাড়িতে এবং/অথবা একজন বন্ধু, পরিবারের সদস্য বা আইনজীবীর মত কোনও বিশ্বস্ত মানুষের কাছে আপনার বসবাসের প্রমাণের প্রতিলিপি রেখে দিন।
- আপনার যোগ্যতা থাকলে, অভিবাসন আদালত বা USCIS এর কাছে নিজের আশ্রয়ের অথবা অন্যান্য বিষয়ের আবেদন অবশ্যই জমা দিয়ে রাখবেন এবং জমা দেওয়া আবেদনের প্রমাণ নিজের সঙ্গে রাখবেন।
- অভিবাসন সংক্রান্ত আইনি পরামর্শ কোথায় পাওয়া যাবে জানতে ও নিজের কোনও প্রশ্নের উত্তর পেতে আপনি 1-800-566-7636 নম্বরে, NYS অফিস ফর নিউ অ্যামেরিকানস হটলাইনে কল করতে পারেন।

### সম্ভাব্য আটক অবস্থার জন্য আমি কীভাবে প্রস্তুতি নেব**?**

- আটক হওয়ার সম্ভাবনা থাকলে প্রস্তুত থাকুন এবং পরিবারের বা সমাজের সদস্যদের সাথে একটি নিরাপত্তা পরিকল্পনা বানান।
- আদালত সহায়তা গোষ্ঠীগুলির সাথে যোগাযোগ করুন অথবা কাউকে বলুন আপনার সাথে আদালতে বা DHS এর অ্যাপয়েন্টমেন্টে যেতে।
- আপনি যদি আটক হন এবং নিজের দেশে এবং/অথবা অন্য আরেকটি দেশে ফিরতে ভয় পান, তাহলে সেই কথা স্পষ্টভাবে ICE কে ও যেকোনো অভিবাসন আধিকারিককে জানান, এই কাজ আপনাকে একাধিকবার করতে হতে পারে। আপনি যদি এর আগে আশ্রয়লাভের আবেদন জানিয়েও থাকেন, তাও আবার আপনার নিগ্রহ ও অত্যাচারের আশঙ্কা সম্পর্কে বুঝিয়ে বলুন।

# সমাজের প্রতি সতর্কবার্তা

## TPS এর সমাপ্তি

### সুপ্রিম কোর্টের আদেশে হাইতি ও সিরিয়ার **TPS** বন্ধ হল

- 25শে জুন, 2026 তারিখে, U.S. সুপ্রিম কোর্ট একটি রায় দিয়েছে, যার ফলে ট্রাম্প প্রশাসন হাইতি ও সিরিয়ার জন্য টেম্পোরারি প্রোটেক্টেড স্ট্যাটাস (TPS) লাভ বন্ধ করে দিতে পারবে।
- 40,000 এরও বেশি নিউ ইয়র্কবাসী শীঘ্রই আইনি সুরক্ষা হারাতে চলেছেন এবং তাদের আটক ও বিতাড়িত হওয়ার আশঙ্কাও রয়েছে। এই রায়ের ফলে ভবিষ্যতে অন্যান্য দেশের TPS পদ বন্ধ করে দেওয়াও ট্রাম্প প্রশাসনের জন্য সহজ হয়ে গেল।

### এর মানে কি আর এরপর কি হতে চলেছে**?**

- হাইতি ও সিরিয়ার TPS ধারকেরা শীঘ্রই U.S.-তে বৈধভাবে বসবাস করার ও কাজ করার অধিকার হারাতে চলেছেন। সুপ্রিম কোর্টের এই রায় 27শে জুলাই, 2026 তারিখ থেকে কার্যকর হওয়ার কথা, যদি না এরপর আদালত অন্য আদেশ দেয়। শীঘ্রই হাইতি ও সিরিয়ার TPS বন্ধ করতে ডিপার্টমেন্ট অফ হোমল্যান্ড সিকিউরিটি (DHS) পদক্ষেপ নেওয়া শুরু করবে বলে আশা করা যায়। নতুন আপডেটের জন্য uscis.gov/TPS দেখুন।
- এই রায়ের প্রভাব যদি আপনার উপর পড়ে, ভয় পাবেন না! নিজেকে ও পরিবারকে সুরক্ষিত রাখতে এখনই ব্যবস্থা নেওয়া শুরু করুন।

### আমি নিজেকে কীভাবে বাঁচাব**?**

- বর্তমানে আপনার TPS থাকলে:
  - আপনার করার মত কি কি বিকল্প রয়েছে তা বুঝতে যত তাড়াতাড়ি সম্ভব একজন বিশ্বস্ত অভিবাসন আইনজীবী বা স্বীকৃত প্রতিনিধির সাথে কথা বলুন। বহু TPS ধারকদের জন্য অন্যান্য অভিবাসন ব্যবস্থা উপলব্ধ রয়েছে, যেমন, পরিবার ও জীবিকাভিত্তিক পথ।
    - প্রতারণা, জাল আইনজীবী ও এমন যেকোনো ব্যক্তির থেকে সাবধান যারা সুনিশ্চিতভাবে অভিবাসন সুবিধার প্রতিশ্রুতি দেয়!
  - আইনি পরামর্শ ছাড়া U.S ছেড়ে যাবেন না। যদি চলে যাওয়ার সিদ্ধান্ত নেন, আপনার জমা দেওয়া অভিবাসনের আবেদন বর্জন করছেন বলে ধরে নেওয়া হবে এবং ভবিষ্যতে আপনার U.S.-এ ফেরত আসার উপর নিষেধাজ্ঞা জারি করা হতে পারে।
  - আটক হওয়ার সম্ভাবনা থাকলে প্রস্তুত থাকুন এবং পরিবারের বা সমাজের সদস্যদের সাথে একটি নিরাপত্তা পরিকল্পনা বানান।
  - নিজের অধিকার জানুন! ICE যদি আপনাকে খুঁজতে আসে, আপনার চুপ করে থাকার অধিকার রয়েছে। একটি বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া নিজের বাড়িতে তাদের ঢুকতে নাও দিতে পারেন।
  - ICE আপনাকে গ্রেফতার করলে, আপনি যদি নিজের দেশে এবং/অথবা অন্য আরেকটি দেশে ফিরতে ভয় পান, তাহলে সেই কথা তক্ষুনি অফিসারদের জানান। অভিবাসন আধিকারিকদের কাছে আপনাকে একাধিকবার বলতে হতে পারে যে আপনি একটি বিশ্বাসযোগ্য ভয় সংক্রান্ত সাক্ষাৎকার দিতে এবং আশ্রয়লাভের সুযোগ চাইছেন।

### তথ্য সহায়তা

- আইনি সহায়তা সংক্রান্ত তথ্য জানা ও কোনও সহায়কের খোঁজ পাওয়ার জন্য, NYS অফিস ফর নিউ অ্যামেরিকানস হটলাইনে, 1-800-566-7636 নম্বরে কল করুন
- নিউ ইয়র্ক শহরের বাসিন্দারা MOIA ইমিগ্রেশন লিগ্যাল সাপোর্ট হটলাইনেও কল করতে পারেন, 1-800-354-0365 নম্বরে, অথবা 311 এ কল করে “ইমিগ্রেশন লিগ্যাল” বলুন
- সারা দেশে বিনামূল্যে বা স্বল্প মূল্যে অভিবাসন সংক্রান্ত আইনি পরিষেবা প্রদাতাদের তালিকা পেতে, যান www.immigrationadvocates.org/legaldirectory

# সমাজের প্রতি সতর্কবার্তা

## মেগা মাস্টার ক্যালেন্ডার শুনানি

### অভিবাসন আদালতগুলি "মেগা মাস্টার" ক্যালেন্ডার শুনানির সময়সূচী বানাল

- "মেগা মাস্টার ক্যালেন্ডার হিয়ারিং" হল এমন এক শুনানি যা একই সঙ্গে 100 জন বা তারও বেশি ব্যক্তির জন্য স্থির করা থাকে, মূলত সেইসব মানুষদের জন্য যাদের প্রতিনিধিত্ব করার জন্য কোনও আইনজীবী থাকে না। বহু অভিবাসীদের ক্ষেত্রেই, একটি মাস্টার ক্যালেন্ডার শুনানির মাধ্যমেই তাদের মামলা প্রথমবার একজন অভিবাসন বিচারকের সামনে আসে।
- আপনার মামলা যদি শুনানির জন্য ইতিমধ্যেই সূচীভুক্ত হয়ে থাকে, তবে তারও আগের তারিখ পেতে আপনি পুনরায় সূচী নির্ধারণ করতে পারবেন।

### আমি যদি আদালতের তারিখ মনে রাখতে না পারি তাহলে কি হবে?

- অনেকের শুনানির তারিখ এগিয়ে আসছে আর তারা সেই দিন আদালতে উপস্থিত হতে পারছে না কারণ তারা জানেই না যে তারিখ বদলে গেছে।
- আপনি যদি নিজের মাস্টার ক্যালেন্ডার শুনানিতে উপস্থিত হতে না পারেন, তাহলে আপনি অপসারণের আদেশ পাবেন। মানে আপনাকে আটক করা এবং/অথবা বিতাড়িত করা হতে পারে।

### আমি নিজের অভিবাসন আদালতের তারিখ কোথায় দেখব?

- অভিবাসন আদালতে আপনার মামলা চললে, শুনানির তারিখ বদলেছে কিনা জানার জন্য প্রায়ই আপনাকে EOIR মামলার তথ্যের স্বয়ংক্রিয় সিস্টেমের ওয়েবসাইট দেখতে হবে অথবা ফোন লাইনটিতে কল করতে হবে।
- আপনার আদালতের তারিখ ও স্থান জানতে:
  - acis.eoir.justice.gov এ যান এবং নিজের 9 সংখ্যার A-নম্বর ও যে দেশের নাগরিক তার নাম লিখুন, অথবা
  - 1-800-898-7180 এ কল করে নির্দেশ অনুযায়ী কাজ করুন।

### আমি কীভাবে নিজেকে বাঁচাব?

- নিজের আদালতের তারিখ ঘন ঘন যাচাই করুন যাতে শুনানির দিন ফসকে না যায়।
- আটক হওয়ার সম্ভাবনা থাকলে প্রস্তুতি নিন এবং নিজের পরিবারের বা সমাজের সদস্যদের সাথে একটি নিরাপত্তা পরিকল্পনা তৈরি করুন।
- আদালত সহায়তা গোষ্ঠীগুলির সাথে যোগাযোগ করুন অথবা কাউকে বলুন আপনার সাথে আদালতের শুনানিতে যেতে।
- আপনার যোগ্যতা থাকলে, আদালতের কাছে নিজের আশ্রয়ের বা অন্যান্য আবেদন অবশ্যই জমা দিয়ে রাখবেন।
- আপনাকে যদি আটক করা হয় আর নিজের দেশে এবং/অথবা অন্য আরেকটি দেশে ফিরে যেতে ভয় পান, তবে এই বিষয়টি স্পষ্টভাবে ICE ও যেকোনো অভিবাসন আধিকারিককে জানান।
- অভিবাসন সংক্রান্ত আইনি পরামর্শ কোথায় পাওয়া যাবে জানতে ও নিজের কোনও প্রশ্নের উত্তর পেতে আপনি 1-800-566-7636 নম্বরে, NYS অফিস ফর নিউ অ্যামেরিকানস হটলাইনে কল করতে পারেন।

### আদালতের মধ্যে নিজের অধিকারগুলি জানুন

- বিচারক নিজের সিদ্ধান্ত জানানোর আগে অপসারণ বা খারিজের বিরুদ্ধে আপত্তি জানানোর অধিকার আপনার রয়েছে।
- ICE আইনজীবীর পক্ষ থেকে তাদের খারিজ বা অপসারণের যুক্তি লিখিতভাবে জমা দেওয়ার দাবি আপনি রাখতে পারবেন, তাহলে আপনি নিজের মামলা কেন চালিয়ে যেতে চাইছেন ও আইন সহায়তা পেতে চাইছেন সেটা বিচারককে বোঝানোর মত পর্যাপ্ত সময় পেয়ে যাবেন।
- বিচারক যদি আপনার মামলা খারিজ করে দেন বা আপনাকে অপসারণের আদেশ দেন, সেই আদেশের বিরুদ্ধে আপীল করার অধিকার আপনার থাকবে। বোর্ড অফ ইমিগ্রেশন অ্যাপীলস (BIA) এর কাছে আপনি আপীল করতে পারেন। সেক্ষেত্রে অভিবাসন বিচারককে অবশ্যই জানিয়ে দেবেন যে আপনি আপীল করতে চাইছেন।
- আপনার অধিকার সম্পর্কে আরও তথ্য সহায়তা পেতে, দেখুন- nyic.org/kyr

# নিজের অধিকার জানুন

## অভিবাসন আইন প্রয়োগ

### অভিবাসন আইন প্রয়োগের ক্ষেত্রে কী ঘটছে?

- রাষ্ট্রপতি ট্রাম্পের অধীনে, আমাদের সমাজগুলিতে অভিবাসন আইন প্রয়োগ উত্তরোত্তর বৃদ্ধি পেয়েছে।
- ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE) ও কাস্টমস অ্যান্ড বর্ডার প্রোটেকশন (CBP) এজেন্টরা অভিবাসীদের কাছে হানা দেওয়া ও তাদের গ্রেফতার করার ঘটনা বেড়েই চলেছে। তারা অনেক সময় স্থানীয় পুলিশ ও শেরিফদের মত অন্যান্য আইন প্রয়োগকারীদের সাথে কাজ করে। ফলে, আমাদের সমাজের মানুষদের আরও বেশি করে আটক কেন্দ্রে ভরে দেওয়া হচ্ছে ও অপসারণ প্রক্রিয়ার মধ্যে দিয়ে যেতে হচ্ছে।
- সম্প্রতি এই দেশে আসা, কোনও স্ট্যাটাস না থাকা মানুষ, যাদের প্রথম ভাষা ইংরাজি নয় এবং আরও অন্যান্যদের উপর আইন প্রয়োগের ঝুঁকি রয়েছে।
- এই বিষয় নিয়ে চিন্তিত হলে একজন অভিবাসন আইনজীবীর সাথে আলোচনা করুন।

### **ICE** বা **CBP** যদি পথে আমায় আটকায় তাহলে আমার কাছে কি কি অধিকার রয়েছে?

- ইমিগ্রেশন অ্যান্ড কাস্টমস এনফোর্সমেন্ট (ICE), বর্ডার পেট্রোল বা অন্যান্য আইন প্রয়োগকারীদের সাথে যেকোনো সময় মোকাবিলা করার ক্ষেত্রে আপনাকে নিজের অধিকার সম্পর্কে সচেতন থাকতে হবে।
- আপনাকে যদি অভিবাসন বা অন্য আইন প্রয়োগকারীরা থামায়, মনে রাখবেন:
  - শান্ত থাকুন। পালাতে যাবেন না। অফিসারদের বাধা দেবেন না বা আটকাবেন না।
  - মিথ্যে বলবেন না বা জাল নথিপত্র দেখাবেন না।
  - চুপ থাকার ও কোনও প্রশ্নের উত্তর না দেওয়ার অধিকার আপনার রয়েছে। আপনি বলতে পারেন, "আমি চুপ থাকতে চাই" বা "আমি প্রশ্নের উত্তর দিতে চাই না।"
  - যদি কোনও এজেন্ট জিজ্ঞাসা করে যে তারা আপনাকে বা আপনার জিনিষপত্র তল্লাশি করতে পারে কি না, তাহলে তাকে উত্তরে না বলার অধিকার আপনার রয়েছে। আপনি বলতে পারেন, "আমি তল্লাশি করতে দিতে রাজি নই।"
  - আপনাকে আটক বা গ্রেফতার করা হচ্ছে কিনা আর হলে কেন করা হচ্ছে তা জানার অধিকার আপনার রয়েছে। আপনি জিজ্ঞাসা করতে পারেন, "আমি কি যেতে পারি?" বা "আমাকে আটক করা হল কেন?"
  - আপনার সাথে বা অন্য কারও সাথে যা হচ্ছে তা রেকর্ড করার অধিকার আপনার রয়েছে। আপনি বলতে পারেন, "আমার রেকর্ড করার অধিকার আছে।"
  - আপনাকে যদি আইন প্রয়োগকারীরা থামায়, আটক করে বা হেনস্থা করে, তাহলে সেই এজেন্ট(দের) নাম, নম্বর ও অন্য যেকোনো পরিচয় শনাক্ত করার মত তথ্য জোগাড় করার চেষ্টা করুন।
- একাধিক ভাষায় KYR তথ্য সহায়তা পেতে, দেখুন- nyic.org/kyr

### **ICE** বা **CBP** আমার বাড়ি বা কাজের জায়গায় এলে আমার কাছে আরও কোনও অধিকার থাকবে?

- আপনার বাড়ি ও অন্যান্য "ব্যক্তিগত স্থান" (যেমন, কর্মস্থলের সেইসব অংশ যেখানে শুধুমাত্র কর্মচারীরা প্রবেশ করতে পারেন) বিশেষ সুরক্ষা পায় যা জনসাধারণের ব্যবহারের স্থানগুলি পায় না।
- অফিসারদের কাছে আপনার অনুমতি থাকলে বা একজন বিচারকের সই করা বিচার বিভাগীয় পরোয়ানা থাকলে, তবেই তারা ব্যক্তিগত স্থানে প্রবেশ করতে পারবেন।
- ICE যদি আপনার বাড়ি আসে, আপনি দরজা বন্ধ রাখতে পারেন অথবা বলতে পারেন, "আমি তল্লাশির অনুমতি দিচ্ছি না" এবং বিচার বিভাগীয় পরোয়ানা দেখতে চাইতে পারেন।

#### তথ্য সহায়তা

**Know Your Rights Wallet Card:**

**Know Your Rights Curriculum:**

**Know Your Rights with CBP:**

**Immigration Enforcement at the Workplace:**

# নিজের অধিকার জানুন

## অভিবাসন আইন প্রয়োগ

### যদি দেখি যে **ICE** বা **CBP** কাউকে গ্রেফতার করছে বা কোথাও হানা দিচ্ছে তাহলে আমি কি করব**?**

- যদি দেখেন যে ICE বা CBP কাউকে গ্রেফতার করছে, শান্ত থাকুন ও নিজের অধিকারগুলি মনে রাখুন।
- এজেন্টদের পোশাক ও গাড়ির দিকে মনোযোগ দিন এবং সেগুলিতে থাকা যেকোনো শব্দ বা চিহ্ন মনে করে রাখুন।
- নিরাপদ মনে হলে, যা কিছু হচ্ছে তার ভিডিও বা ফটো তুলে রাখুন। যা হচ্ছে তার বিস্তারিত বিবরণ লিখেও রাখতে পারেন।
    - নিরাপদ থাকুন। অফিসারদের কাজে বাধা দেবেন না।
- সঙ্গত মনে হলে, নিজের বিশ্বস্ত নেটওয়ার্কে আইন প্রয়োগকারীদের কার্যকলাপ সম্পর্কে জানান। বহু এলাকায় এমন হটলাইন রয়েছে যেখানে আপনি অভিবাসন আইন প্রয়োগকারীদের বিরুদ্ধে অভিযোগ জানাতে পারবেন।
- শুধুমাত্র যাচাই করা তথ্যই জানাবেন: আপনি বা আপনার বিশ্বস্ত কেউ সাক্ষী থেকেছেন, এমন ঘটনা। মনে রাখবেন: আতঙ্ক নয়, সত্যিটাই আসল!
- যে ব্যক্তি বা পরিবারগুলি ক্ষতিগ্রস্ত হয়েছে তাদের পাশে থাকুন। কাউকে আটক বা গ্রেফতার করা হলে, বিশ্বস্ত কমিউনিটি গ্রুপের সাথে মিলে তাদের পরিবার ও প্রিয়জনদের সাহায্য করার চেষ্টা করুন।
- একজন বিশ্বস্ত অভিবাসন আইনজীবীর পরামর্শ নিন।
- ICE বা CBP দের দেখতে পেলে কি করবেন সেই বিষয়ে তথ্য সহায়তা পেতে, nyic.org/kyr এ যান এবং “If You See Immigration Enforcement” ডকুমেন্টটি খুলে দেখুন।

### আমি বা আমার পরিবারকে আটক করা হলে কীভাবে প্রস্তুতি নিয়ে রাখব**?**

- আপনি যদি U.S.-এর নাগরিক না হন এবং আপনার যদি সন্তান থাকে, তাহলে ICE, CBP বা অন্য কোনও ফেডেরাল এজেন্টের হাতে আটক হওয়ার বিষয়ে আপনাকে আগে থেকে পরিকল্পনা বানিয়ে রাখতে হবে।
- প্রস্তুত হওয়ার জন্য আপনাকে অবশ্যই:
    - গুরুত্বপূর্ণ কাগজপত্রগুলি একটি নিরাপদ জায়গায় রেখে দিতে হবে যার বিষয়ে পরিবারের অন্য সদস্যরাও জানবে।
    - আপনি যখন পারবেন না তখন আপনার বাচ্চাদের খেয়াল কে রাখবে তা ভেবে রাখতে হবে।
    - আপনার বাচ্চাদের কেয়ারটেকার হিসাবে কাউকে আইনগতভাবে নিযুক্ত করতে হবে।
        - একজন কেয়ারটেকারকে আইনগতভাবে নিযুক্ত করার সবথেকে প্রচলিত দুটি উপায় হল:
            - পার্সন ইন পেরেন্টাল রিলেশনশিপ নিয়োগ করা
            - স্ট্যান্ডবাই গার্ডিয়ানশিপ
    - আপনার বাচ্চার জন্য অতিরিক্ত ফর্মগুলি, যেমন, ট্র্যাভেল অথরাইজেশন ফর্ম বা স্কুল এমার্জেন্সি কনট্যাক্ট ফর্ম ইত্যাদি পূরণ করুন।
    - আপনি একটি পাওয়ার অফ অ্যাটর্নি ফর্ম পূরণ করার কথাও বিবেচনা করতে পারেন।
- আরও তথ্যের জন্য nyic.org/kyr এ যান এবং “পরিবার প্রস্তুতির (Family Preparedness)” বিভাগটি দেখুন।

### তথ্য সহায়তা

**If You See Immigration Enforcement:**

**Family Preparedness Guide:**

**Family Preparedness Forms:**

# নিজের অধিকার জানুন

## অভিবাসন আটক

### আমাকে আটক করা হলে আমার কাছে কি কি অধিকার থাকবে?

- মনে রাখবেন, আটক অবস্থাতেও আপনার অধিকারগুলি বজায় থাকবে!
  - চুপ থাকার ও কোনও প্রশ্নের উত্তর না দেওয়ার অধিকার আপনার রয়েছে।
  - একজন আইনজীবীর সাথে কথা বলার ও আইনজীবী খোঁজার জন্য সময় নেওয়ার অধিকার আপনার রয়েছে।
  - আটক অবস্থায় একজন আইনজীবীর আপনার সাথে দেখা করার অধিকার রয়েছে।
  - একটি ফোন কল করার অধিকার অধিকার আপনার আছে। আপনি নিজের পরিবারকে বা একজন আইনজীবীকে কল করতে পারবেন।
  - নিজের দূতাবাসের সাথে যোগাযোগ করার অধিকার আপনার আছে।
  - আপনাকে কোথাও সই করতে হবে না।

### একজন ব্যক্তিকে কোথায় আটকে রাখা হয়েছে তা কীভাবে জানব?

- To find a person currently in ICE custody:
  - Go to locator.ice.gov and enter the person's:
    - Name, country of birth, and birth date, or
    - 9-digit A-number
  - The ICE locator should indicate where the individual is being detained, but it may take time for them to show up in this system.
  - If you think that your loved one may be detained in a specific ICE detention facility, you may also be able to find them by:
    - Searching for them at accesscorrections.com. If their name appears, they are most likely detained in the facility you selected.
    - Contacting the facility directly at ice.gov/detention-facilities
  - If you cannot find someone using these online systems, you can contact an ICE Enforcement and Removal Operations (ERO) field office: ice.gov/contact/field-offices
  - For more information on finding someone that has been arrested or in immigrant detention, visit nilc.org/resources/how-to-find-a-loved-one-after-a-u-s-immigration-arrest.
    - This resource is available in 9 languages including English, Arabic, Chinese, Haitian Creole, Korean, Tagalog, Vietnamese, and Spanish.

### আমি যদি আটক হই, তবে কীভাবে বিভিন্ন সহায়তার সুযোগ বা উৎসের সাথে যুক্ত হতে পারি?

- বিভিন্ন সহায়তা স্থলের সাথে সংযোগ তৈরি করার জন্য আপনি একটি ইমিগ্রেশন ডিটেনশন হটলাইনে কল করতে পারবেন।
- ন্যাশনাল ইমিগ্রেশন ডিটেনশন হটলাইনে কল করার জন্য, আটক কেন্দ্রের ফোন থেকে 9233# নম্বর ডায়াল করুন। এই হটলাইনে বিনামূল্যে কথা বলা যায়, কারও নিরীক্ষণে থাকে না এবং সোম-শুক্র সকাল 11টা থেকে রাত 11টা পর্যন্ত উপলব্ধ থাকে।
- বাফেলো ফেডেরাল ডিটেনশন ফেসিলিটিতে উপলব্ধ জাস্টিস ফর মাইগ্র্যান্ট ফ্যামিলিজ হটলাইনে কল করার জন্য 716-427-4917 নম্বর ডায়াল করুন, সোম-বৃহস্পতি, দুপুর 2টো- বিকাল 4টে এবং সন্ধ্যে 6টা- রাত 8টা।

### তথ্য সহায়তা

**Immigration Detention Support:**

**NILC's Guide "How to Find a Loved One after a U.S. Immigration Arrest":**

# নিজের অধিকার জানুন

## অভিবাসন আদালত

### আমার অভিবাসন আদালতে শুনানি রয়েছে কিনা এবং থাকলে কখন রয়েছে তা কীভাবে জানব?

- একজন ব্যক্তির আদালতের তারিখ ও স্থান জানতে:
  - acis.eoir.justice.gov এ যান ও সেই ব্যক্তির 9 সংখ্যার A নম্বর লিখুন, অথবা
  - 1-800-898-7180 এ কল করুন ও নির্দেশ অনুসরণ করুন।

### আইনি সহায়তা কোথায় পাব?

- আইনি সহায়তা সংক্রান্ত তথ্য জানা ও কোনও সহায়কের খোঁজ পাওয়ার জন্য, NYS অফিস ফর নিউ অ্যামেরিকানস হটলাইনে, 1-800-566-7636 নম্বরে কল করুন।
- নিউ ইয়র্ক শহরের বাসিন্দারা MOIA ইমিগ্রেশন লিগ্যাল সাপোর্ট হটলাইনেও কল করতে পারেন, 1-800-354-0365 নম্বরে, অথবা 311 এ কল করে "ইমিগ্রেশন লিগ্যাল" বলুন।
- দেশ জুড়ে বিনামূল্যে বা স্বল্প মূল্যে অভিবাসন সংক্রান্ত আইনি পরিষেবা দেয় এমন আয়হীন সংস্থার তালিকা পেতে, দেখুন www.immigrationadvocates.org/legaldirectory
- অভিবাসন সংক্রান্ত জালিয়াতি থেকে সাবধান থাকুন।
  - অভিবাসন আইন বেশ জটিল বিষয়। কোনও ব্যক্তি বা সংস্থার সাথে নিজের পরিস্থিতি নিয়ে আলোচনা করার সময় সতর্ক থাকবেন।
  - নিজের পরিস্থিতি সম্পর্কিত আইনি পরামর্শের জন্য শুধুমাত্র একজন আইনজীবী বা ডিপার্টমেন্ট অফ জাস্টিস (DOJ) দ্বারা স্বীকৃত প্রতিনিধির সাথে কথা বলুন।

### আটক থাকা কোনও ব্যক্তিকে মুক্তির জন্য কীভাবে সাহায্য করব?

- বন্ড হল DHS কে দেওয়া টাকা যা নিশ্চিত করে যে, কোনও ব্যক্তিকে মুক্তি দেওয়া হলে, তিনি নিজের প্রতিটি শুনানির সময় আদালতে হাজির হবেন।
- আপনার প্রিয়জনকে যদি এমন একটি বন্ড মঞ্জুর করা হয় যার খরচ বহন করা তার পক্ষে সম্ভব নয়, তাহলে তিনি একটি বন্ড ফান্ড থেকে সাহায্য পাওয়ার যোগ্য হতে পারেন।
- নিউ ইয়র্ক রাজ্যের বন্ড সম্পর্কে জানতে, দেখুন envisionfreedom.org/get-support
- সারা দেশের বন্ড ফান্ডগুলির তালিকা পেতে, দেখুন bit.ly/localbailfunds

### তথ্য সহায়তা

**EOIR Automated Case Information for Immigration Court:**

**Immigrant Advocates Network Legal Directory:**

**Envision Freedom's bond/ post-release resources:**

# স্বাস্থ্য

## স্বাস্থ্য পরিষেবা লাভের সুযোগ

### স্বাস্থ্য বিমা কি আর কারা এটা পাওয়ার যোগ্য?

- স্বাস্থ্য বিমা, ডাক্তার দেখানো, হাসপাতালে থাকা, প্রেসক্রিপশন ও আপদকালীন পরিষেবার মত চিকিৎসার খরচ মেটাতে সাহায্য করে। এর সাহায্যে চিকিৎসালাভ আরও সাশ্রয়ী হয় এবং মোটা অঙ্কের বিলের হাত থেকে আপনাকে বাঁচায়।
- বহু মানুষ স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্যতা ধারণ করেন। আপনার চাকরী, আয়, বয়স, অক্ষমতা, অভিবাসন স্থিতি ইত্যাদির উপর ভিত্তি করে আপনি বিভিন্ন প্ল্যানের জন্য যোগ্য হতে পারেন।
- আপনি স্বাস্থ্য বিমা লাভের যোগ্য কিনা দেখতে, যান: nystateofhealth.ny.gov

### কাগজবিহীন অভিবাসীরা কি স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য হতে পারবে?

- আপনার বয়স এবং/অথবা আয়ের উপর ভিত্তি করে আপনি স্বাস্থ্য বিমা পাওয়ার যোগ্য হতে পারেন।
- নিউ ইয়র্ক রাজ্যে বসবাসকারী কাগজবিহীন অভিবাসী, যাদের বয়স 65 বছর বা তার বেশি এবং আয়ের নির্দিষ্ট কিছু শর্ত পূরণ করেন, তারা মেডিকেইড পাওয়ার যোগ্য হবেন।
- 19 বছরের কমবয়সী কাগজবিহীন বাচ্চারা চাইল্ড হেলথ প্লাস (CHP) এর যোগ্যতা পাবে, যার সাহায্যে আয় বা অভিবাসন স্থিতি নির্বিশেষে মানুষ বিনামূল্যে অথবা অতি স্বল্প মূল্যে স্বাস্থ্য বিমা পায়।

### স্বাস্থ্য বিমা পাওয়ার জন্য কীভাবে নথিভুক্ত হব?

- নিউ ইয়র্কবাসীরা NY স্টেট অফ হেলথের মাধ্যমে সরকারি ও বাণিজ্যিক স্বাস্থ্য বিমা পেতে পারবেন।
  - আপনি যদি মেডিকেইড, দ্য এসেনশিয়াল প্ল্যান বা চাইল্ড হেলথ প্লাস লাভের যোগ্য হন, তবে বছরের যেকোনো সময় নথিভুক্ত হতে পারবেন।
  - আপনি যদি ACA মার্কেটপ্লেস থেকে বাণিজ্যিক স্বাস্থ্য বিমা নেন, পরবর্তী নথিভুক্তির সময়কাল হল 1লা নভেম্বর, 2026 – 15ই ডিসেম্বর, 2026; গত বছরের তুলনায় এই সময়সীমা উল্লেখযোগ্যভাবে কম..
    - আপনি যদি নথিভুক্তির বিশেষ সময়কালের জন্য যোগ্যতালাভ করেন, যেমন, অভিবাসন স্থিতি, আয় বদলে যাওয়া, ঠিকানা পরিবর্তন করা ইত্যাদি ক্ষেত্রে, আপনি নথিভুক্তির নির্দিষ্ট সময়কালের বাইরেও নথিভুক্ত হতে পারবেন।
- কিভাবে নিবন্ধন করবেন
  - ব্যক্তিগতভাবে বা ফোনে বিনামূল্যে তালিকাভুক্তি সহায়তা পেতে একজন নেভিগেটরের সাথে যোগাযোগ করুন। একজন নেভিগেটর সনাক্ত করতে info.nystateofhealth.ny.gov/ipanavigatorsitelocations-এ যান।
  - NY স্টেট অফ হেলথ কাস্টমার সার্ভিস সেন্টারে যোগাযোগের জন্য 1-855-355-5777 ডায়াল করুন।
  - অনলাইনে nystateofhealth.ny.gov দেখুন। আপনি কাস্টমার কেয়ার সেন্টারের সময় ওয়েবসাইটের চ্যাট বৈশিষ্ট্য ব্যবহার করে আপনার আবেদন শেষ করতে পারেন।
  - সহায়তা এবং আরও তথ্যের জন্য, নিউ ইয়র্ক সিটির বাসিন্দারা 311 ডায়াল করতে পারেন বা 877-877 নম্বরে "CoveredNYC" লিখতে পারেন। অথবা আরো সাহায্যের জন্য on.nyc.gov/healthinsurance-এও যেতে পারেন।
- info.nystateofhealth.ny.gov/ InformationalMaterials-এ স্বাস্থ্য কভারেজ সম্পর্কে বহুভাষিক তথ্য খুঁজে পাবেন।

#### তথ্য সহায়তা

**New York State of Health Website:**

**NYS Health Multilingual Resources:**

# স্বাস্থ্য

## স্বাস্থ্য পরিষেবা লাভের সুযোগ

### স্বাস্থ্য বিমা না থাকা মানুষদের জন্য কোনও পরিষেবা রয়েছে?

- আপনার বিমা পাওয়ার যোগ্যতা না থাকা সত্ত্বেও আপনি আপদকালীন চিকিৎসা পেতে পারবেন এবং সমাজভিত্তিক স্বাস্থ্য কেন্দ্র, ক্লিনিক ও স্থানীয় স্বাস্থ্য কর্মসূচীগুলির পরিষেবা লাভ করতে পারবেন।
- কোনও ব্যক্তির দাম মেটানোর ক্ষমতা ও বিমা কভারেজ থাক বা না থাক, ফেডেরালি কোয়ালিফায়েড হেলথ সেন্টার (FQHCs) অর্থাৎ যুক্তরাষ্ট্রীয় স্তরে যোগ্যতাপ্রাপ্ত স্বাস্থ্য কেন্দ্রগুলি চিকিৎসা করতে বাধ্য থাকবে। আয়ের উপর নির্ভর করে এরা নিজেদের পরিষেবার মূল্য নির্ধারণ করবে এবং অভিবাসন স্থিতির প্রমাণ দেখতেও চাইবে না।
  - To find a federally qualified health center near you, visit findahealthcenter.hrsa.gov
- এছাড়াও বেশ কিছু স্বাস্থ্য পরিষেবা রয়েছে যা আপনি স্বাস্থ্য বিমা ছাড়াই লাভ করতে পারবেন।
  - ক্যানসার পরীক্ষা:
    - আপনার বিমা করানো না থাকলে, NYS ব্রেস্ট, সার্ভিকাল ও কোলোরেক্টাল ক্যানসারের জন্য বিনামূল্যে পরীক্ষা করার সুবিধা দেয়।
    - আরও তথ্যের জন্য, দেখুন health.ny.gov/diseases/cancer/services
- টিকা:
  - আপনার বিমা না থাকলে, নিউ ইয়র্ক স্টেট ভ্যাক্সিনস ফর অ্যাডাল্টস (VFA) কর্মসূচীর অধীনে যোগ্যতাসম্পন্ন প্রাপ্তবয়স্কদের বিনামূল্যে টিকা দেওয়া হয়। VFA প্রদাতা হিসাবে নথিভুক্ত থাকা স্বাস্থ্য কেন্দ্রগুলিতে এই টিকা বণ্টন করা হয়।
  - আরও জানতে, দেখুন health.ny.gov/prevention/immunization
  - সুপারিশ করা টিকার তালিকা পেতে, যান bit.ly/vaccines26

### নিউ ইয়র্ক শহরের বাসিন্দাদের জন্য কি কি পরিষেবা উপলব্ধ রয়েছে?

- আয় বা অভিবাসন স্থিতি নির্বিশেষে, NYC কেয়ার নিউ ইয়র্ক শহরের বাসিন্দাদের এই শহরের গণ স্বাস্থ্য ব্যবস্থা, Health+Hospitals এর সাথে সংযুক্ত করে।
- NYC কেয়ার অভিবাসন স্থিতি সম্পর্কে জানতে চায় না।
- আপনি NYC কেয়ারের জন্য যোগ্যতালাভ করবেন, যদি আপনি:
  - নিউ ইয়র্ক শহরে থাকেন
  - আপনার নিয়োগকর্তার কাছ থেকে স্বাস্থ্য বিমা না পান
  - নিউ ইয়র্ক রাজ্যে উপলব্ধ থাকা কোনও স্বাস্থ্য বিমা প্ল্যানের জন্য যোগ্যতালাভ না করেন
  - সরকারি নির্দেশিকা অনুযায়ী স্বাস্থ্য বিমা পাওয়ার জন্য যোগ্য না হন
- কীভাবে আবেদন জানাবেন:
  - ফোনের মাধ্যমে আবেদন জানান: কল করুন 646-692-2273 নম্বরে
  - সশরীরে আবেদন জানান:
    - একটি NYC Health + Hospitals এ যান
    - একটি সমাজভিত্তিক সংগঠনে যান
    - একটি MetroPlusHealth অফিসে যান
- আরও তথ্যের জন্য, দেখুন: nyccare.nyc

### তথ্য সহায়তা

**Find a federally qualified health center:**

**NYS Cancer Services:**

**NYS Vaccines:**

**NYC Cares:**

# স্বাস্থ্য

## স্বাস্থ্যক্ষেত্রে নিজের অধিকারগুলি জানুন

### ICE কি কোনও স্বাস্থ্য কেন্দ্রে আইন প্রয়োগ করতে পারে বা কাউকে গ্রেফতার করতে পারে?

- জানুয়ারি 2025 এ ট্রাম্প প্রশাসন একটি দীর্ঘদিনের নীতি বাতিল করেছিল যেখানে বলা ছিল যে ICE ও CBP স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রের মত "স্পর্শকাতর স্থান" বা "সুরক্ষিত এলাকা"-এ অভিবাসন আইন প্রয়োগ এড়িয়ে যাবে। এর মানে হল, ICE এজেন্টরা স্বাস্থ্য কেন্দ্রের সেইসব জায়গায় কাজ করতে পারবে যেখানে সাধারণ মানুষের যাতায়াতে অনুমতি রয়েছে।
- যদিও, U.S. সংবিধানের চতুর্থ সংশোধনে অভিবাসন স্থিতি নির্বিশেষে যেকোনো মানুষের গোপনীয়তা সুরক্ষিত করা হয়েছে। বেশীরভাগ স্বাস্থ্য কেন্দ্রেই এমন জায়গা থাকে যা ব্যক্তিগত ও যেখানে অভিবাসন আইন প্রয়োগ করা যায় না, যদি না এজেন্টদের কাছে একটি বিচার বিভাগীয় পরোয়ানা থাকে।

### ICE এর কোনও স্বাস্থ্য কেন্দ্রে প্রবেশ করা ও কাউকে গ্রেফতার করা আটকাতে NYS কি কোনও সুরক্ষা দেয়?

- স্বাস্থ্য কেন্দ্রে নিউ ইয়র্কবাসীদের কিছুটা সুরক্ষা দেওয়া হয়।
- 2018 সালের একটি নিউ ইয়র্ক রাজ্যের শাসনমূলক আদেশে রাজ্য হাসপাতালের মত নিউ ইয়র্ক রাজ্যের পরিষেবা কেন্দ্রগুলিতে অভিবাসন আইন প্রয়োগ নিষিদ্ধ করা হয়েছে, যদি না ICE এর কাছে একটি বিচার বিভাগীয় পরোয়ানা থাকে।
- 27শে মে, 2026 তারিখে, গভর্নর হোচুল ও নিউ ইয়র্ক রাজ্য আইনসভা সেনসিটিভ লোকেশন প্রোটেকশন অ্যাক্ট নামক একটি নতুন আইন পাশ করেন, যার মাধ্যমে হাসপাতালের মত "স্পর্শকাতর স্থান"-এ বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া অভিবাসন আইন প্রয়োগের অধিকার অস্বীকার করা হয়েছে।

### স্বাস্থ্য কেন্দ্রের "ব্যক্তিগত স্থান" কোনগুলিকে বলা হয়?

- ICE ও CBP সহ কোনও আইন প্রয়োগকারীই এমন জায়গায় তল্লাশি চালাতে পারবে না যেখানে গোপনীয়তা বজায় রাখার যুক্তিসঙ্গত কারণ রয়েছে।
- প্রতিটি কেন্দ্রই একরকম হবে না, তবে ডাক্তারবাবুদের অফিস বা পরীক্ষার ঘরগুলিকে "ব্যক্তিগত স্থান" হিসাবেই বিবেচনা করা হবে বলে প্রত্যাশা করা যায়।
- জনসাধারণের জন্য উন্মুক্ত জায়গা, যেমন, লবিকে "ব্যক্তিগত" স্থান বলে মনে করা হবে না এবং এই স্থান কম সুরক্ষিত হবে।

### নিজেদের সুরক্ষিত রাখতে রোগীরা কি করবেন? নিজেদের রোগীদের সুরক্ষিত রাখতে হাসপাতালগুলি কি করতে পারে?

- নিজেদের সুরক্ষিত রাখার জন্য, রোগীরা:
  - ডাক্তারের অ্যাপয়েন্টমেন্টে যাওয়া ও সেখান থেকে আসার সময় একজন বন্ধু বা নিজের সমাজের একজন সদস্যকে সঙ্গে থাকতে বলতে পারেন
  - নিজেদের অধিকার জানবেন এবং কোন জায়গাগুলি ব্যক্তিগত ও কোনগুলি সর্বসাধারণের জন্য তা জানবেন
  - ICE বা CBP এর সাথে দেখা হয়ে গেলে কি করবেন তার একটা পরিকল্পনা বানাবেন ও প্রস্তুত থাকবেন
- নিজেদের রোগীদের সুরক্ষিত রাখতে, স্বাস্থ্য পরিষেবা কেন্দ্রগুলি:
  - ব্যক্তিগত স্থানগুলি স্থির করবে ও স্পষ্টভাবে চিহ্নিত করে রাখবে
  - ICE ও CBP সহ যেকোনো আইন প্রয়োগকারীদের সাথে কথাবার্তার স্পষ্ট নিয়ম বানাবে
  - সমস্ত কর্মচারীকে তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে প্রশিক্ষণ দেবে।
  - স্বাস্থ্য কেন্দ্র জুড়ে বিভিন্ন ভাষায় নো ইয়োর রাইটস তথ্যগুলি টাঙিয়ে রাখবে
  - গোপনীয়তা রক্ষার বিষয়গুলি মনে রাখবে এবং আইন প্রয়োগকারীদের প্রয়োজনের অতিরিক্ত তথ্য জানাবে না।
  - আরও তথ্য ও সুপারিশ জানতে, দেখুন aclu.org/documents/immigration-enforcement-guidance-for-health-centers

তথ্য সহায়তা

**ACLU's "Immigration Enforcement Guidance for Health Centers"**

# স্কুল ও শিক্ষা

## শিক্ষালাভের সুযোগ

### কারা **NYS** সরকারি স্কুলে যাওয়ার যোগ্য**?** আমার কি একটি নির্দিষ্ট অভিবাসন স্থিতি থাকতে হবে**?**

- নিউ ইয়র্ক রাজ্য, অভিবাসন স্থিতি নির্বিশেষে প্রত্যেক শিশুকে বিনামূল্যের ও গুণমানসম্পন্ন শিক্ষার নিশ্চয়তা দেয়, কিন্ডারগার্টেন থেকে শুরু করে হাই স্কুল ডিপ্লোমা পাওয়া পর্যন্ত অথবা শিক্ষার্থীর 21-এ পা দেওয়ার বছরের শেষ পর্যন্ত।
- পাবলিক স্কুলগুলিকে খুব সম্ভবত অভিবাসন স্থিতি সম্পর্কে জানতে চাওয়া হবে না এবং স্কুলের সাধারণ কর্মসূচীর ক্ষেত্রে শিক্ষার্থীর তথ্য ভাগ করে নেওয়া হবে না। কিছু সম্প্রসারিত সময়কালের প্রারম্ভিক শৈশব কর্মসূচীর ক্ষেত্রে অভিবাসন বা আয়ভিত্তিক যোগ্যতালাভের বিষয় জড়িত থাকবে।

### আমি কীভাবে সরকারি স্কুলে ভর্তি হব**?**

- শিক্ষার্থীরা বছরের যেকোন সময় একটি NYS পাবলিক স্কুলে ভর্তির আবেদন জানাতে পারবে ও ভর্তি হতে পারবে, তবে প্রচলিত ভর্তির সময়কালের বাইরে সীমিত বিকল্প পাওয়া যাবে।
- নিউ ইয়র্ক সিটি পাবলিক স্কুলের তথ্য
  - ভর্তির প্রক্রিয়া সম্পর্কে আরও জানতে, দেখুন schools.nyc.gov/enrollment/enrollment-help/new-students.
  - একটি NYC পাবলিক স্কুল খুঁজে নিতে ও ভর্তির আবেদন জানাতে দেখুন myschools.nyc, কল করুন 311, অথবা সহায়তা পাওয়ার জন্য একটি ফ্যামিলি ওয়েলকাম সেন্টারে যান। ফ্যামিলি ওয়েলকাম সেন্টারগুলির ঠিকানা পাওয়া যাবে এখানে- schools.nyc.gov/fwc।
  - ভিন্ন ভিন্ন গ্রেড লেভেলের উপর ভিত্তি করে নথিভুক্তির সময়কাল আলাদা হবে। 2024 এর শরৎকালের নথিভুক্তির সময়সূচী দেখুন schools.nyc.gov/enroll।

### ভর্তির সময় স্কুলগুলি কি কি কাগজ চাইতে পারে**?**

- স্কুলগুলি শিক্ষার্থী ও বাবা-মায়ের কাছ থেকে প্রমাণ চাইতে পারে যে এই শিক্ষার্থী সেই স্কুল ডিসট্রিক্টে বাস করে। প্রমাণ হিসাবে লীজের কাগজ, পরিষেবার বিল, আয়কর ফর্ম বা কোনও পরিচয় পত্র চাওয়া হতে পারে
- অনেক সময় স্কুলগুলি এমন প্রমাণপত্রও চাইতে পারে যে বাবা/মা বা আইনি অভিভাবক হিসাবে একজন প্রাপ্তবয়স্ক মানুষ রয়েছেন।
- তবে, NYS সরকারি স্কুলগুলি শিক্ষার্থী বা তাদের বাবা-মায়ের কাছ থেকে সোশ্যাল সিকিউরিটি নম্বর বা অন্য এমন কোনও তথ্য চাইতে পারবে না যা কাগজ না থাকা, নাগরিকত্ব না থাকা বা লীজ ছাড়াই বাড়ি ভাড়া দেওয়া মানুষদের পক্ষে দেওয়া কঠিন বা অসম্ভব হবে।

### প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য শিক্ষালাভের কি কি বিকল্প রয়েছে**?**

- NYS এ, 21 বছরের না হওয়া পর্যন্ত আপনি সরকারি স্কুলে যেতে পারবেন বা হাই স্কুল ডিপ্লোমা পেতে পারবেন।
- প্রাপ্তবয়স্ক শিক্ষার্থীদের জন্য ইংরাজি শেখার বা GED লাভ করারও কিছু বিকল্প ব্যবস্থা রয়েছে।
- আপনার কাছাকাছির বয়স্ক শিক্ষা কর্মসূচী সম্পর্কে জানতে, দেখুন acces.nysed.gov/aepp/find-adult-education-program

তথ্য সহায়তা

**NYC Public Schools Enrollment Information:**

**NYS Adult Education Programs:**

# স্কুল ও শিক্ষা

## শিক্ষালাভের সুযোগ

### শিক্ষার্থী ও বাবা-মায়েরা তাদের শিক্ষার অধিকার লঙ্ঘনের ক্ষেত্রে কি করবেন?

- যদি মনে করেন কোনও স্কুল বা স্কুল ডিসট্রিক্ট একটি বাচ্চাকে তার অভিবাসন স্থিতির জন্য ভর্তি হতে বাধা দিচ্ছে, আপনি নিউ ইয়র্ক অ্যাটর্নি জেনারেলের কাছে অভিযোগ দায়ের করতে পারবেন।
- আরও তথ্যের জন্য ও অভিযোগ পত্রটি পাওয়ার জন্য, দেখুন nysed.gov/data-privacy-security/parents-and-students-file-privacy-complaint

### সরকারি স্কুলগুলিতে কি অনুবাদ ও ব্যাখ্যা পরিষেবা পাওয়া যায়?

- নির্দিষ্ট সময়ে বাচ্চার পড়াশোনা সংক্রান্ত সমস্ত তথ্য সহ কাগজের অনুবাদ ও ব্যাখ্যা পাওয়ার অধিকার পরিবারগুলির জন্য সুনিশ্চিত করা হয়।
- একটি NYC সরকারি স্কুলে কীভাবে অনুবাদ ও ব্যাখ্যা পরিষেবা পাবেন সেই সংক্রান্ত তথ্য জানতে, দেখুন schools.nyc.gov/hello অথবা 718-935-2013 বা 311 নম্বরে কল করুন।

### কলেজ/ বিশ্ববিদ্যালয়গুলিকে আরও সাধ্যের মধ্যে আনার কোনও আর্থিক সহায়তার বিকল্প রয়েছে?

- হ্যাঁ, একাধিক NYS আর্থিক সহায়তা কর্মসূচী রয়েছে।
- টিউশন অ্যাসিস্টেন্স প্রোগ্রাম (TAP) যোগ্যতাপ্রাপ্ত নিউ ইয়র্কবাসীদের NYS-এর অনুমোদিত স্কুলগুলিতে টিউশন ফি প্রদান করে।
  - একজনের বার্ষিক TAP পুরষ্কার $5,665 পর্যন্ত হতে পারে। TAP অনুদান হওয়ার কারণে এই অর্থ ফেরত দেওয়ার প্রয়োজন হয় না।
  - আরও তথ্যের জন্য বা কীভাবে আবেদন জানাবেন জানতে দেখুন hesc.ny.gov/tap
- এক্সেলসিয়র স্কলারশিপ
  - শিক্ষার্থীদের অন্যান্য আর্থিক সহায়তা কর্মসূচীর সাথে এক্সেলসিয়র স্কলারশিপের সমন্বয়ে একজন শিক্ষার্থী টিউশন ফি ছাড়াই একটি SUNY বা CUNY কলেজে পড়াশোনা করতে পারবেন।
  - যেসব শিক্ষার্থীর পরিবারের আয় $125,000 বা তার কম, তারা আবেদন করার যোগ্যতা পাবেন।
  - আরও তথ্য জানতে বা আবেদন জানাতে যান hesc.ny.gov/excelsior
- সেনেটর হোসে পেরাল্টা নিউ ইয়র্ক স্টেট ড্রিম অ্যাক্ট কাগজপত্র বা নথিভুক্তি ছাড়াই শিক্ষার্থীদের NYS পরিচালিত অনুদান ও স্কলারশীপ লাভ করার সুযোগ দেয় যা তাদের উচ্চশিক্ষার ব্যয় বহন করে।
  - আরও তথ্য জানতে বা আবেদন জানাতে দেখুন hesc.ny.gov/dream

তথ্য সহায়তা

**NYSED Complaint Form:**

**NYC Schools Interpretation/ Translation Information:**

**Tuition Assistance Program Info:**

**Excelsior Scholarship Info:**

**DREAM Act Scholarship Info:**

# স্কুল ও শিক্ষা

## স্কুলে নিজের অধিকারগুলি জানুন

### **ICE** কি **NYS** সরকারি স্কুলে আইন প্রয়োগ করতে ও কাউকে গ্রেফতার করতে পারে**?**

- জানুয়ারি 2025 এ ট্রাম্প প্রশাসন একটি দীর্ঘদিনের নীতি বাতিল করেছিল যেখানে বলা ছিল যে ICE ও CBP স্কুলের মত "স্পর্শকাতর স্থান" বা "সুরক্ষিত এলাকা"-এ অভিবাসন আইন প্রয়োগ এড়িয়ে যাবে।
- তবে, U.S. সংবিধানের চতুর্থ সংশোধনে অভিবাসন স্থিতি নির্বিশেষে যেকোনো মানুষের গোপনীয়তা সুরক্ষিত করা হয়েছে। ICE বা অন্য এজেন্টরা একটি বিচার বিভাগীয় পরোয়ানা বা মালিকের অনুমতি ছাড়া "ব্যক্তিগত স্থান"-এ প্রবেশ করতে পারবে না। বেশীরভাগ স্কুলেই ব্যক্তিগত এলাকা থাকে যা অভিবাসন আইন প্রয়োগকারীদের থেকে সুরক্ষিত হয়, যদি না এজেন্টদের কাছে বিচার বিভাগীয় পরোয়ানা থাকে।

### **ICE** এর কোনও স্কুলে প্রবেশ করা ও কাউকে গ্রেফতার করা আটকাতে **NYS** কি কোনও সুরক্ষা দেয়**?**

- স্কুলগুলিতে নিউ ইয়র্কবাসীদের কিছুটা সুরক্ষা দেওয়া হয়।
- 2018 সালের একটি নিউ ইয়র্ক রাজ্যের শাসনমূলক আদেশে সরকারি স্কুলের মত নিউ ইয়র্ক রাজ্যের পরিষেবা কেন্দ্রগুলিতে অভিবাসন আইন প্রয়োগ নিষিদ্ধ করা হয়েছে, যদি না ICE এর কাছে একটি বিচার বিভাগীয় পরোয়ানা থাকে।
- 27শে মে, 2026 তারিখে, গভর্নর হোচুল ও নিউ ইয়র্ক রাজ্য আইনসভা সেনসিটিভ লোকেশন প্রোটেকশন অ্যাক্ট নামক একটি নতুন আইন পাশ করেন, যার মাধ্যমে স্কুলের মত "স্পর্শকাতর স্থান"-এ বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া অভিবাসন আইন প্রয়োগের অধিকার অস্বীকার করা হয়েছে।

### শিক্ষার্থীরা স্কুলে আসা**/** স্কুল থেকে যাওয়ার সময়**, ICE** কি তাদের গ্রেফতার করতে পারে**?**

- কিছু ক্ষেত্রে সর্বসমক্ষে ICE গ্রেফতার করতে পারে, যেমন, সাধারণ মানুষের চলাচলের রাস্তা যেখান দিয়ে শিক্ষার্থীরা স্কুলে আসা-যাওয়া করে। স্কুলে যাতায়াতের সময় ঝুঁকি যথেষ্ট বেশি থাকে, কারণ শিক্ষার্থীরা হেঁটে আসে, বাসস্টপে অপেক্ষা করে কিংবা নিজেদের গাড়ি চড়ে যায়।
- NYS এর কাছে বিশেষ সুরক্ষা ব্যবস্থা রয়েছে যার মাধ্যমে একটি বিচার বিভাগীয় পরোয়ানা ছাড়া ICE এজেন্টরা স্কুল বাসে উঠতে পারবে না।

### শিক্ষার্থীরা কীভাবে নিজেদের বাঁচাবে**?** নিজেদের শিক্ষার্থীদের নিরাপদ রাখতে স্কুলগুলি কি করতে পারে**?**

- নিজেকে বাঁচাতে, শিক্ষার্থীরা:
  - স্কুলে যাতায়াতের সময় একজন বন্ধু বা নিজের সমাজের একজন সদস্যকে সাথে থাকার জন্য বলতে পারে
  - নিজেদের অধিকার জানবেন এবং কোন জায়গাগুলি ব্যক্তিগত ও কোনগুলি সর্বসাধারণের জন্য তা জানবেন
  - ICE বা CBP এর সাথে দেখা হয়ে গেলে কি করবেন তার একটা পরিকল্পনা বানাবেন ও প্রস্তুত থাকবেন
- নিজেদের শিক্ষার্থীদের নিরাপদ রাখতে, স্কুলগুলি:
  - ব্যক্তিগত স্থানগুলি স্থির করবে ও স্পষ্টভাবে চিহ্নিত করে রাখবে
  - ICE ও CBP সহ যেকোনো আইন প্রয়োগকারীদের সাথে কথাবার্তার স্পষ্ট নিয়ম বানাবে
  - সমস্ত কর্মচারীকে তাদের অধিকার ও দায়িত্ব সম্পর্কে প্রশিক্ষণ দেবে।
  - বিভিন্ন ভাষায় নো ইয়োর রাইটস তথ্য টাঙিয়ে রাখতে পারে
  - গোপনীয়তা রক্ষার বিষয়গুলি মনে রাখবে এবং আইন প্রয়োগকারীদের প্রয়োজনের অতিরিক্ত তথ্য জানাবে না।
  - আরও জানতে, দেখুন aclu.org/documents/immigration-enforcement-guidance-for-schools

তথ্য সহায়তা

**ACLU's "Immigration Enforcement Guidance for Schools"**

# কমিউনিটির সুরক্ষা



**অভিবাসন স্থিতি বা পরিচয় নির্বিশেষে প্রত্যেকের নিজের কমিউনিটিতে নিরাপদ থাকার অধিকার রয়েছে।**

### হিংসামূলক অপরাধ ও পক্ষপাত

- হিংসামূলক অপরাধ এমন এক অপকর্ম যা একজন ব্যক্তির জাতি, বর্ণ, জাতীয়তা, বংশ পরিচয়, লিঙ্গ, ধর্মীয় বিশ্বাস, ধর্মচর্চা, বয়স, অক্ষমতা বা যৌন অভিমুখীতার বিরুদ্ধে পক্ষপাত থাকার কারণে ঘটানো হয়।
- নিউ ইয়র্ক রাজ্যের একটি হেট ক্রাইম টাস্ক ফোর্স রয়েছে যার মাধ্যমে বেড়ে চলা পক্ষপাত-মূলক হুমকি, হেনস্থা ও হিংসার ঘটনায় ব্যবস্থা নেওয়া হয়।
- যদি হিংসামূলক অপরাধ ঘটতে দেখেন বা কাউকে তার শিকার হতে দেখেন তাহলে:
  - হিউম্যান রাইটসের NYS বিভাগে এই ঘটনা রিপোর্ট করুন। কল করুন- 1-888-392-3644, "HATE" লিখে 81336 নম্বরে পাঠান, অথবা দেখুন- forms.ny.gov/s3/Hate-Crime-Tips। আরও তথ্যের জন্য dhr.ny.gov দেখতে পারেন
  - ঘটতে থাকা হিংসামূলক অপরাধ বা কোনও আপদকালীন ঘটনা রিপোর্ট করতে, তৎক্ষণাৎ 911-এ কল করুন।
- হিংসামূলক অপরাধের রিপোর্ট জানানোর সময়, আপনার অভিজ্ঞতা, পরিচয় ও অন্যান্য সমস্ত তথ্য গোপন রাখা হয়।
- নিজের অভিবাসন স্থিতি নির্বিশেষে আপনি হিংসামূলক অপরাধ রিপোর্ট করতে পারেন ও পরিষেবা পেতে পারেন।

### কমিউনিটির সংস্থান

- নিউ ইয়র্ক সিটির অফিস ফর দ্য প্রিভেনশন অফ হেট ক্রাইম থেকে কমিউনিটি সদস্যদের ও সংগঠনগুলিকে পরিষেবা, সংস্থান ও সহায়তা দেওয়া হয়। তথ্য সংস্থান একাধিক ভাষায় উপলব্ধ থাকে। আরও তথ্যের জন্য, দেখুন- nyc.gov/stophate।
- সেন্টার ফর অ্যান্টি-ভায়োলেন্স এডুকেশন, নিউ ইয়র্কের কমিউনিটিগুলির মধ্যে ঘটা হিংসাত্মক ঘটনাগুলি আটকায়, ব্যাহত করে ও স্বাভাবিক অবস্থায় ফিরিয়ে আনে। এদের আত্মরক্ষা, দর্শকদের ওয়ার্কশপ ও যুব ক্ষমতায়ন সংক্রান্ত শিক্ষামূলক কার্যক্রম রয়েছে। আরও তথ্যের জন্য, কল করুন- 1-718-788-1775 অথবা দেখুন- caeny.org।

### কমিউনিটির সাথে সংযোগ

- AAPI
  - Asian Americans for Equality: 212-979-8381, aafe.org
  - Chhaya for South-Asian and Indo-Caribbean communities: 718-478-3848, chhayacdc.org
  - Korean Family Service Center: 718-460-3800, kafsc.org
  - MinKwon Center for Community Action: 718-460-5600, minkwon.org
  - National Federation of Filipino American Associations New York: 212-684-0542, naffaa.org
  - Sikh Coalition: 516-930-0302, sikhcoalition.org
- আফ্রিকান
  - African Communities Together: 347-746-2281, africans.us
  - African Services Committee: 212-222-3882, africanservices.org
  - Sauti Yetu Center For African Women: 718-665-2486, sautiyetu.us
- আরব/মুসলিম
  - Arab American Association of New York: 718-745-3523, arabamericanny.org
  - Council on American-Islamic Relations of New York: 646-665-7599, cair-ny.org
  - Muslim Community Network: 347-519-2755, mcnny.org
- অক্ষমতা
  - Center for Disability Rights: 585-546-7510, cdrnys.org
  - Disability Rights New York: 518-432-7861, drny.org
- হিসপ্যানিক/ ল্যাতিনো
  - Hispanic Federation: 866-432-9832, hispanicfederation.org
  - Latino Commission on AIDS: 212-584-9325, latinoaids.org
  - Mixteca: 718-965-4795, mixteca.org
  - TransLatinx: 646-882-2000, translatinxnetwork.org
- LGBTQ+
  - Caribbean Equality Project: 347-709-3179, caribbeanequalityproject.org
  - Gay, Lesbian, Bisexual and Transgender Community Center: 212-620-7310, gaycenter.org
  - New York City Gay and Lesbian Anti-Violence Project: 212-714-1141, avp.org
- নেটিভ আমেরিকান ও আলাস্কাবাসী
  - American Indian Community House: 646-575-3638, aich.org
  - North American Indigenous Center of New York: 516-930-0302, naicny.org

# NYS পরিসম্পদ সমূহ



**NYS অফিস অফ ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস**

- সীমিত ইংরাজি জ্ঞান থাকা লক্ষ লক্ষ নিউ ইয়র্কবাসীর জন্য NYS অফিস অফ ল্যাঙ্গুয়েজ অ্যাক্সেস ভাষা উপলব্ধতা পরিষেবার ব্যবস্থা করে।
- অনুবাদ ও দোভাষী পরিষেবা পাওয়ার বিষয়ে আপনার অধিকার সম্পর্কে জানতে, দেখুন ogs.ny.gov/know-your-rights
- ভাষা উপলব্ধতার অভিযোগ জানাতে, যান languageaccess.ny.gov/en-US.
- একটি ভাষা উপলব্ধতা টুলকিট পেতে বা ইন্টারপ্রিটেশন কিটের অনুরোধ জানাতে, সহায়ক সংস্থাগুলির জন্য এই প্রশ্নমালা পূরণ করে জমা দিন survey.alchemer.com/s3/8252338/OLA-Questionnaire

**এনওয়াইএস অফিস ফর নিউ আমেরিকানস**

- আপনি বা আপনার পরিচিত জনের যদি বিনামূল্যে আইনি সহায়তার প্রয়োজন হয়, তবে 1-800-566-7636-এ হটলাইনে কল করুন। সমস্ত কলের তথ্য গোপনীয়। 200+ ভাষায় সহায়তা উপলভ্য।

**NYS ডিপার্টমেণ্ট অব হেলথ**

- স্বাস্থ্য কভারেজের জন্য আবেদন করুন: 1-855-355-5777 -এ কল করুন বা nystateofhealth.ny.gov–এ যান।

**NYS অফিস অব মেণ্টাল হেলথ**

- মানসিক স্বাস্থ্য পরিষেবা সম্পর্কে প্রশ্নগুলির জন্য বা মানসিক স্বাস্থ্যসেবা সরবরাহকারীর সন্ধানের জন্য, 1-800-597-8481-এ কল করুন বা omh.ny.gov–এ যান।
- ন্যাশনাল সুইসাইড প্রিভেনশন লাইফলাইন: আপনার জীবন বা অন্য কারও যদি আসন্ন বিপদগ্রস্ত হয়ে পড়ে, 911-এ কল করুন। আপনি যদি সংকটে পড়ে থাকেন এবং তাৎক্ষণিক সাহায্যের প্রয়োজন হয় তবে 1-800-273-8255-এ কল করুন বা 741-741-এ "GOT5" টেক্সট করুন।

**গার্হস্থ্য হিংসা প্রতিরোধের জন্য NYS অফিস**

- আপনি বা সম্পর্কে থাকা অন্য কেউ মৌখিক, শারীরিক বা যৌন অত্যাচার বা অন্য কোনও উপায়ে অপর একজন ব্যক্তি দ্বারা শাসিত হলে, NYS ডোমেস্টিক ভায়োলেন্স হটলাইনে কল করুন- 1-800-942-6906।
- অনলাইনে একজন অ্যাডভোকেটের সাথে কথা বলতে চাইলে, দেখুন- opdv.ny.gov। বেশীরভাগ ভাষাতেই 24/7 উপলব্ধতা রয়েছে।

**NYS ডিপার্টমেণ্ট অব লেবার**

- ডিপার্টমেণ্ট অব লেবার শ্রমিকদের নিরাপত্তা এবং স্বাস্থ্য, মজুরি এবং কাজের পরিস্থিতির সুরক্ষা দিতে এবং উন্নত করতে প্রতিশ্রুতিবদ্ধ।
- মজুরি ও ঘন্টা সম্পর্কিত আইন, কর্মক্ষেত্রের স্বাস্থ্য ও সুরক্ষা সম্বন্ধে তথ্য, বা অভিযোগ দায়ের করার জন্য, 1-888-469-7365-এ কল করুন বা dol.ny.gov/safety-and-health–এ যান।
- বেকার বীমা সম্পর্কে সহায়তার জন্য, 1-888-209-8124-এ কল করুন বা dol.ny.gov/unemployment/ unemployment-insurance-assistance–এ যান।

**NYS মানবাধিকার বিভাগ**

- বয়স, জাতি, জাতীয় উৎস, লিঙ্গ, যৌন অভিমুখ, লিঙ্গ পরিচয় বা অভিব্যক্তি, বৈবাহিক স্থিতি, অক্ষমতা, মিলিটারী স্থিতি এবং অন্যান্য শ্রেণীর ভিত্তিতে কর্মসংস্থান, আবাসন, ঋণ, শিক্ষা এবং জনসাধারণের থাকার জায়গার মতো ক্ষেত্রে নিউইয়র্কে হিউম্যান রাইটস আইন বৈষম্যকে নিষিদ্ধ করে।
- আপনার যদি মনে হয় যে, আপনার সাথে বৈষম্যমূলক আচরণ করা হয়েছে তবে 1-888-392-3644-এ একটি অভিযোগ দায়ের করুন বা dhr.ny.gov–এ যান।

**NYS হাউসিং**

- সাধ্যের মধ্যে বাসস্থান খোঁজার কাজে সহায়তা চাইলে, কল করুন- 1-877-428-8844 অথবা দেখুন- nyhousingsearch.gov।
- নিউ ইয়র্ক সিটির সাশ্রয়ী হাউসিং লটারি সংক্রান্ত তথ্য পেতে, কল করুন- 212-863-7990 অথবা দেখুন- housingconnect.nyc.gov।
- নিউ ইয়র্ক রাজ্যে ভাড়াটিয়ার অধিকার সম্পর্কে আরও তথ্য পেতে, দেখুন- ag.ny.gov/publications/residential-tenants-rights-guide।

**NYS অফিস অফ ভিক্টিম সার্ভিসেস**

- আপনি বা আপনার চেনা কেউ হিংসামূলক অপরাধের শিকার হলে, NYS অফিস অফ ভিক্টিম সার্ভিসেস চিকিৎসার বিল ও কাউন্সেলিং-এর খরচ, মৃতদেহ কবর দেওয়া ও অন্ত্যেষ্টিক্রিয়ার খরচ, নষ্ট হওয়া মজুরী ও অন্যান্য সহায়তা দিতে পারবে। আরও জানতে কল করুন- 1-800-247-8035 অথবা দেখুন- ovs.ny.gov।

এই নথিটি অনলাইনে অথবা অন্য ভাষাগুলিতে দেখার জন্য দেখুন nyic.org/KYR অথবা এই কোড স্ক্যান করুন:

এই টুলকিট বা এতে থাকা তথ্য সম্পর্কে আপনার যদি প্রশ্ন বা মন্তব্য থাকে তবে অনুগ্রহ করে যোগাযোগ করুন:
Bryan Lee – blee@nyic.org

আপনার আশেপাশের সংস্থার জন্য একটি বিনামূল্যের "আপনার অধিকার জানুন" সেশনের ব্যবস্থা করতে kyr@nyic.org-এ যোগাযোগ করুন।

নিউইয়র্ক ইমিগ্রেশন কোয়েলিশন (NYIC) হল, একটি আমব্রেলা পলিসি এবং অ্যাডভোকেসি সংস্থা যা পুরো নিউইয়র্কের 200 টিরও বেশি অভিবাসী এবং শরণার্থী অধিকার গোষ্ঠীর প্রতিনিধিত্ব করে।

আমরা একটি নিউ ইয়র্ক স্টেট কল্পনা করি যা আরও শক্তিশালী কারণ সমস্ত মানুষেরা সেখানে স্বাগত, তাদের প্রতি ন্যায্য আচরণ করা হয় এবং তাদের স্বপ্ন অনুসরণ করার সুযোগ দেওয়া হয়। আমাদের লক্ষ্য হ'ল অভিবাসী, সদস্য এবং মিত্রদের ঐক্যবদ্ধ করা যাতে সমস্ত নিউ ইয়র্কের অধিবাসীবৃন্দ সমৃদ্ধ হতে পারে।

NYIC

**New York Immigration Coalition**
131 W 33rd St, Ste 610
New York, NY 10001
212 627 2227
nyic.org